

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল-৪,৫,৬)
১১৯, কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।
www.bfsa.gov.bd

স্মারক নম্বর: ১৩.০২.০০০০.৫১১.২২.০১৬.২১.৯৪

তারিখ: ১৯ পৌষ ১৪২৯
০৩ জানুয়ারি ২০২৩

বিষয়: "নিরাপদ খাদ্য বিষয়ক পারিবারিক নির্দেশিকা" বিতরণ ও প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সমন্বয় প্রসঙ্গে।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নম্বর ১৩.০০.০০০০.০৬৬.২২.০০১.২০.২, তারিখ: ০২ জানুয়ারি ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী 'নিরাপদ খাদ্য বিষয়ক পারিবারিক নির্দেশিকা' জনসাধারণের মাঝে বিতরণ ও প্রশিক্ষণ প্রদান এবং সংশ্লিষ্ট তথ্য ডাটাবেজে আপলোডের নিমিত্ত জেলা প্রশাসক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করা হয়। এতে ২৮/১২/২০২২ তারিখের মধ্যে কার্যক্রম গ্রহণপূর্বক ৩০/১২/২০২২ তারিখের মধ্যে সকল তথ্য গুগল ফরমে আপলোডের নির্দেশনা আছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত তারিখে অদ্যাবধি বিতরণ কার্যক্রমের সকল তথ্য আপলোড করা হয়নি মর্মে খাদ্য মন্ত্রণালয় হতে তাগিদ পত্র পাওয়া যায়।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট বিতরণকারী কর্মকর্তাগণের সাথে যোগাযোগপূর্বক সংযুক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী আগামী ০৭ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে সকল তথ্য নির্ধারিত ই-মেইলে অথবা গুগল ফরমে আপলোডের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: খাদ্য মন্ত্রণালয়ের পত্র



আব্দুন নাসের খান

সচিব

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ফোন: ২২২২২৩৪৩৬

ই-মেইল: secretary@bfsa.gov.bd

নিরাপদ খাদ্য অফিসার


সকল জেলা

স্মারক নম্বর: ১৩.০২.০০০০.৫১১.২২.০১৬.২১.৯৪

তারিখ: ১৯ পৌষ ১৪২৯
০৩ জানুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. ড. অনিমা রাণী নাথ, অতিরিক্ত সচিব, নিরাপদ খাদ্য শাখা, খাদ্য মন্ত্রণালয়।
২. জেলা প্রশাসক, সকল জেলা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. পিএস টু চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. নথি।



ইসফাক ওয়াহেদ বিন রহিম

মনিটরিং অফিসার

নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা (প্রশিক্ষণ) শাখা

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ